# ১৬ তম বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সহকারী জজ) পরীক্ষা ২০২৩

[দুর্নীতি দমন, আইন শৃঙ্খলা, NI Act, মানব পাচার ও ডিজিটাল নিরাপত্তা আইন]

ঐচ্ছিক বিষয়-২

**বিষয় কোড ঃ ৯৯**

**সময়-৩ঘন্টা** **[ডান দিকের সংখ্যা সংশ্লিষ্ট প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]** **পূর্ণমান-১০০**

[বাংলা অথবা ইংরেজি যে-কোনো একটি ভাষায় উত্তর দিতে হবে। তবে টেকনিক্যাল শব্দগুলো যে-কোনো ভাষায় লেখা যাবে।]

## 'ক' অংশ। যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন (২×২০ =৪০)

১। ক) দুর্নীতি সংক্রান্ত অভিযোগ যাচাই-বাছাই এর ক্ষেত্রে দুর্নীতি দমন কমিশন অবারিত স্বাধীনতা ভোগ করে। এই বক্তব্যের সাথে আপনি একমত কি? সংশ্লিষ্ট বিধান উল্লেখে বক্তব্যটি ব্যাখ্যা করুন।

খ) দুর্নীতির অপরাধ সংক্রান্তে অভিযোগ দায়ের বিষয়ে দুর্নীতি দমন কমিশন বিধিমালা, ২০০৭ এর বিধানাবলি আলোচনা করুন।

গ) দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত মামলায় স্পেশাল জজ X Y কে দোষী সাব্যস্ত ও দণ্ডিত করেন। X ঐ রায় ও আদেশের বিরুদ্ধে হাইকোর্ট বিভাগে আপিল দায়ের করেন আপিলে Y ও দুর্নীতি দমন কমিশন আবশ্যকীয় পক্ষ কি? সংক্ষেপে উত্তর দিন।

২। ক) মানিলন্ডারিং অপরাধ দমন ও প্রতিরোধে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট এর ক্ষমতা ও দায়িত্ব আলোচনা করুন।

খ) H&J Corporation Bangladesh Ltd. ও SR Trading India Ltd. যৌথভাবে বিদেশ থেকে তাজা ফল আমদানী করে বাংলাদেশে ফলের জুস তৈরির ও বিক্রির যৌথ মুলধনী ব্যবসা পরিচালনা করে। SR Trading India ltd. কানাডায় একটি অফিস পরিচালনা করে। ২০/০২/২০২২ তারিখে এই যৌথ মূলধনী কোম্পানী কানাডা থেকে তাজা ফল আমদানীর উদ্দেশ্যে SR Trading India Ltd. এর কানাডা অফিস বরাবর যথাযথ ব্যাংকিং পথে ২০০ কোটি টাকা প্রেরণ করে। ১০/০৩/২০১২ তারিখে SR Trading India Ltd. এর কানাডা অফিস ৫০ কোটি টাকার তাজা ফল প্রেরণ করে জানায় যে, উৎপাদন কম হওয়ায় বাকি ১৫০ কোটি টাকা চলতি বছরের লভ্যাংশ হিসাবে H&J Corporation Bangladesh Ltd. বরাবরে যথাযথ ব্যাংকিং পন্থে বাংলাদেশে প্রেরণ করা হয়েছে। উক্ত ১৫০ কোটি টাকা H&J Corporation Bangladesh Ltd. এর ব্যবস্থাপনা পরিচালক 'X' এর ব্যাংক হিসাবে হয় X ধারা তার স্ত্রী "Y" এর নামে গুলশানে একটি ১০ কাঠার প্লট ক্রয় করেন। এই ঘটনায় মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ অনুযায়ী সংশ্লিষ্ট পক্ষগণের দায় নিরূপণ ও নগ্ন উল্লেখ করুন।

গ) মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর অধীনে বাজেয়াপ্তকৃত সম্পত্তি নিষ্পত্তির প্রক্রিয়া কী? বাজেয়াপ্তির কারণে সংক্ষুব্ধ ব্যক্তির প্রতিকার কী?

৩। ক) The Criminal Law Amendment Act, 1958 অনুযায়ী একজন স্পেশাল জজ কর্তৃক বিচারযোগ্য অপরাধসমূহ কী? উক্ত আইনের অধীনে আপিল, রিভিশন ও মামলা স্থানান্তরের বিধানাবলি উল্লেখ করুন।

খ) The Criminal Law Amendment Act 1958 অনুযায়ী 'Public Servant' এর সংজ্ঞা দিন। স্পেশাল জজ নিয়োগ সংক্রান্ত বিধানবলি কি?

গ) একটি 'এমপিওভুক্ত বেসরকারি স্কুলের ম্যানেজিং কমিটি ঐ স্কুলের একজন সহকারী শিক্ষকের বিরুদ্ধে স্নাতক পাশের সনদ জাল করার এবং উক্ত সনদ দাখিলের মাধ্যমে চাকরি গ্রহণ করার অভিযোগে মামলা দায়ের করে। স্পেশাল জজ উক্ত শিক্ষককে The Penal Code 1860 এর Section 820 / 867 / 858 / 471 এর অধীনে দোষী সাব্যস্ত ও দণ্ডিত করেন। স্পেশাল জজ উক্ত আসামীর বিচারে এখতিয়ারসম্পন্ন কি? প্রাসঙ্গিক আইন উল্লেখে উত্তর দিন।

## খ অংশ। যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন (৩×২=৬০)

৪। ক) মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২ অনুসারে 'মানব পাচার' বলতে কী বুঝেন? এই আইনে 'রুদ্ধকে বিচার 'ও 'ভিকটিমকে ক্ষতিপূরণ প্রদান' বিষয়ক বিধানাবলি আলোচনা করুন।

খ) মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২ অনুসারে সরকার প্রতিষ্ঠিত বিল থেকে ভিকটিমকে আর্থিক সহায়তা দেওয়া হয়। একই ঘটনা বিষয়ে পরবর্তীতে ভিকটিম অন্য কোনো আইনমতে বা বেসরকারি সংস্থা থেকে একই ধরণের সহায়তা পেতে পারেন কি? ব্যাখ্যা করুন।

গ) কুয়েতে বসবাসকারী X ও Y, Z এর সাথে এরূপ লিখিত চুক্তি সম্পাদন করেন যে, তারা Z এর ১৬ বছর বয়সী মেয়ে D কে কুয়েতে একটি ভালো বেতনের চাকুরি দিবেন এবং Z, X ও Y কে ৫ লক্ষ টাকা প্রদান করবেন। সেমতে X ও Y ৫ লক্ষ টাকা গ্রহণ করেন এবং ১ কে কুয়েতে পাঠিয়ে দেন। কিন্তু কোনো চাকুরি না দিয়ে D-কে কুয়েতে একটি রুমে আটকে রেখে যৌন ব্যবসায় বাধ্য করেন। এরূপ ঘটনা বিষয়ে কে অভিযোগ দায়ের করতে পারেন অভিযোগ সত্য হলে মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২ অনুযায়ী X ও Y এর ফৌজদারী দায়বদ্ধতা নিরুপন করুন।

৫। ক) ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর বিধানমতে পুলিশ কর্মকর্তা কখন পরোয়ানার মাধ্যমে তল্লশি ও জব্দ এবং কখন পরোয়ানা ব্যতিরেকে তল্লাশি, জব্দ ও গ্রেফতার করতে পারেন?

খ) ডিজিটাল মাধ্যমে বাংলাদেশের মুক্তিযুদ্ধের চেতনাবিরোধী কোনো প্রচারণা চালানো একটি অপরাধ।"-ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর সংশ্লিষ্ট ধারার আলোকে 'মুক্তিযুদ্ধের চেতনা'র সংজ্ঞাসহ উক্তিটি ব্যাখ্যা করুন।

গ) X তার ফেসবুক একাউন্টে একটি নির্দিষ্ট ধর্মকে কটাক্ষ করে Z এর অজ্ঞাতে Z এর লিখিত একটি বিবৃতি পোস্ট করেন। এক্ষেত্রে ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ তার অধীনে X ও Z এর ফৌজদারী দায়বদ্ধতা নিরূপণ করুন।

৬। ক) ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর অধীনে শাস্তিযোগ্য অপরাধ সংঘটনের সাথে সংশ্লিষ্ট কম্পিউটার সামগ্রী বাজেয়াপ্তের বিধান আলোচনা করুন। উক্ত আইনমতে উপাত্ত ভান্ডার' ও 'প্রোগ্রাম' বলতে কী বুঝায়?

খ) ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর অধীনে শাস্তিযোগ্য সকল অপরাধ আমলযোগ্য ও জামিনযোগ্য কি? সংশ্লিষ্ট বিধান উল্লেখ করুন।

গ) সাইবার ট্রাইব্যুনালে X এর বিরুদ্ধে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ এর ধারা-৫৫ এর অপরাধ সংঘটনের অভিযোগ বিচারাধীন ছিল। পরবর্তীতে ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ কার্যকর হয়। X এর বিরুদ্ধে উক্ত মামলা কোন ট্রাইব্যুনাল কর্তৃক আইন অনুযায়ী বিচার হবে।

৭। ক) আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন, ২০০২ এর অধিনে সংঘটিত অপরাধের বিচার পদ্ধতি আলোচনা করুন।

খ) দ্রুত বিচার আদালত গঠন বিষয়ে আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন, ২০০২ এর সংশ্লিষ্ট বিধান উল্লেখ করুন।

গ) X, Y Z যাত্রীবাহী গাড়ির চালক D কে সচল পিছল যারা হত্যার ভয় দেখিয়ে তার নিকট থেকে ১০ হাজার টাকা চাঁদা দাবী করেন। গাড়িচালক টাকা দিতে অস্বীকার করলে তার জোরপূর্বক বাসটি চালিয়ে নিয়ে যায়। অপর হাইওয়ে পুলিশ X Y Z কে ধরে গাড়ি উদ্ধার ও X এর দখল থেকে পিছলটি জব্দ করেন। সকল আসামীর বিরুদ্ধে আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন, ২০০২ এর ৪ ধারা ও The Arms Act 1878 এর ১৯০ ধারার অধীনে অভিযোগপত্র দাখিল করা হয়। উক্ত অপরাধসমূহের বিচারের উপযুক্ত আদালত বিষয়ে আইনের বিধান উল্লেখ করুন।

৮। ক) The Negotiable Instruments Act, 1881 অনুযায়ী 'Bill of exchange' কী? 'Drawer' ও Druwee' এবং 'Inland instrument' Foreign instrument এর মধ্যকার পার্থক্য উল্লেখ করুন।

খ) একটি হস্তান্তরযোগ্য দলিল কীভাবে ডিসঅনার হতে পারে? হস্তান্তরযোগ্য দলিল ডিসঅনার হওয়ার পর কে এবং কাকে উক্ত বিষয়ে নোটিশ প্রদান করবেন।

গ) X, Y কে ০৮/০৪/২০২০ তারিখে ৫ লক্ষ টাকা বাবদ একটি চেক প্রদান করেন। চেকটি ১০/১০/২০২০ তারিখে সংশ্লিষ্ট ব্যাংকে নগদায়নের জন্য উপস্থাপন করা হয়। চেকটি একই তারিখে অপর্যাপ্ত তহবিলের কারণে ডিজঅনার হয়। Y একই তারিখে ডিজঅনার বিষয়ে জানতে পেরে X বরাবর ১০/১১/২০২০ তারিখে রেজিস্ট্রি ডাকযোগে নোটিশ প্রেরণ করেন। X ১২/১১/২০২০ তারিখে নোটিশ গ্রহণ করেন। Y ৩০/১১/২০২০ তারিখে মামলা করেন। মামলাটিতে X কে দোষী সাব্যস্ত করে ২ বছরের কারাদত ও চেকে উল্লেখিত অর্থের সমপরিমাণ অর্থদণ্ডে দণ্ডিত করা হয়। আপিলে উক্ত রায় ও আদেশের বৈধতা যাচাই করুন।

## [English Version]

### 16" BJS Examination, 2023

### Optional Subject-2

**Part A: Answer any two (2x20-40)**

1. a) "The Durniti Domon Commission enjoys unfettered freedom in scrutinizing and verifying complaint regarding corruption."-Do you agree with this statement? Explain mentioning relevant provisions.

   b) Discuss the provisions of the Durniti Domon Commission Bidhimala, 2007 relating to lodging of complaint concerning an offence of corruption.

   c) In a case instituted by the Durniti Damon Commission the Special Judge convicted and sentenced X and Y. X appealed to the High Court Division against that judgment and order. Are Y and Durniti Domon Commission necessary parties to the appeal? Answer briefly.

2. a) Discuss the powers and responsibilities of Bangladesh Financial Intelligence Unit in the suppression and prevention of money-laundering offences.

   b) In Bangladesh, 11&J Corporation Bangladesh Ltd. and SR Trading India Ltd. jointly operate a business of manufacturing and marketing fruit juice by importing fresh fruits from abroad. SR Trading India Ltd maintains an office in Canada. On 20/02/2022 this joint venture company sent Tk. 200 crore with proper banking channel to Canada office of SR Trading India Ltd. for import of fresh fruits from Canada. On 15/03/2022 SR Trading India Ltd. sent fresh fruits worth Tk 50 crore and informed that, due to low production, rest Tk. 150 crore has been sent to Bangladesh with proper banking cannel in favour of H&J Corporation Bangladesh Ltd. as dividend for the current year. The said Tk. 150 crore has been deposited to the bank account of X, the Managing Director of H&J Corporation Bangladesh Ltd. X bought a plot of land measuring 10 katha at Gulshan in the name of his wife. Y. In this incident, determine the liabilities of and mention punishment for the parties concerned under the Money-Laundering Protirodh Ain, 2012.

   c) What is the procedure for disposal of property confiscated under the Money- Laundering Protirodh Ain, 2012 What is the relief of a person aggrieved by confiscation?

3. a) What offences are triable by a Special Judge according to the Criminal Law Amendment Act, 1958? Mention the provisions of transfer of appeal, revision and cases under the Act.

   b) Define Public Servant in accordance with the Criminal Law Amendment Act, 1958. What are the provisions relating to appointment of Special Judges?

c) The managing committee of an MPO-listed non-government school filed a case against an Assistant Teacher of that school for forgery of graduation certificate and obtaining job by submitting the same. The Special Judge convicted and sentenced the accused under sections 420/467/468/471 of the Penal Code. 1860. Does the Special Judge have jurisdiction for trial of the accused? Answer with reference to relevant laws.

**Part B: Answer any three (3×20=60)**

4. a) What do you understand by Manob Pachar' according to the Manob Pachar Protirodh O Damon Ain, 2012? Discuss the provisions of this Ain relating to "trial in-camera' and 'awarding compensation to victim".

b) A victim is provided with financial assistance from fund established by the Government under the Manob Pachar Protirodh O Damon Ain, 2012. Can that victim get such assistance under other law or from any non-government organization subsequently concerning same fact? Explain.

c) X and Y living in Kuwait, executed such a written agreement with Z that they would provide D, a 16 year old daughter of Z, with a handsomely salaried joh in Kuwait and Z would pay Tk. 5 lac to X and Y. Accordingly X and Y received Th. 5 lac and sent D to Kuwait. But instead of providing any job, X and Y detaining D in a room in Kuwait forced her to prostitution. Who can lodge complaint about such incident? If the allegation be true, ascertain the criminal liability of X and Y under the Manob Pochar Protirodh O Damon Ain, 2012.

5. a) When can a police officer search and seize with warrant and search, seize and arrest without warrant under the provisions of the Digital Nirupotta Ain, 2018?

b) "It is an offence to propagate on digital media anything against the spirit of the war of liberation of Bangladesh."-Explain along with definition of 'spirit of war of liberation' in the light of the relevant section of the Digital Nirapotta Ain, 2018.

c) X posted on his Facebook account, beyond the knowledge of Z, a statement written by Z. mocking a particular religion. In this circumstance, determine the criminal liabilities of X and Z under the Digital Nirapotta Ain, 2018.

6. a) Discuss the provisions relating to forfeiture of computer materials connected with commission of offence punishable under the Digital Nirapotta Ain, 2018. What is meant by Upotto Bhandar' and programme" according to the said fin?

b) Are all the offences punishable under the Digital Nirapotta Ain, 2018 cognizable and bailable? Mention the relevant provisions.

c) Trial was pending against X in the Cyber Tribunal for charge of offence of section 55 of the Tothyo O Jogajog Projekti tin. 2006. Afterwards, the Digital Nirapotta Ain, 2018 came into force. By which tribunal and under which law the case against X he tried?

7. a) Discuss the procedure for trial of offences under the Ain-Srinkhola Bighnokari Oporadh (Druto Bichar) Ain, 2002

b) Mention the relevant provisions of the A-Srinkhola Bighnokart Oporadh (Druto Bichar) Ain, 2002 relating to the establishment of Drato Bichar Adalat.

c) X. Y and Z demanded Tk. 10 thousand as subscription from D, a driver of a passenger bus, by putting him in fear of death brandishing an active pistel. They forcibly drove the bus away after the driver had refused to give money. Thereafter, Highway Police recovered the bus after arresting X, Y and Z and seized pistol from the possession of X. Charge sheet was submitted against all the accused persons under section 4 of the Ain-Srinkkela Righmokari Oporadh (Druto Bichar) Ain, 2002 and section 19A of the Arms Act. 1878. Mention the provisions of law regarding Courts competent for trial of the aforesaid offences.

8. a) What is 'Bill of exchange as per the Negotiable Instruments Act, 1881? Mention distinctions between 'Drawer' and 'Drawee' and between 'Inland instrument" and "Foreign instrument'

b) How a negotiable instrument can be dishonoured? By and to whom a notice be given after dishonor of a negotiable instrument?

c) X draws a cheque in favour of Y for Tk. 5 lac on 08/01/2020. The cheque was placed for encashment on 10/10/2020 in the concerned bank. The cheque was dishonoured on the same date for insufficiency of fund. Y, knowing about dishonour on the same date, sent a notice to X on 10/11/2020 through registered post. X received the notice on 12/11/2020. Y filed the case on 30/11/2020. In the case X was found guilty and sentenced to suffer 2 years of imprisonment and fine for the amount mentioned In the cheque. Determine the legality of the said Judgment and order in appeal.


নিশ্চয় সেরাদের সেরা
ড. সিদ্দিক পাবলিকেশন্স
লেখক
হুমায়রা সিদ্দিকা হুমাসা এবং ড. আবু বকর সিদ্দিক
সহায়ক গ্রন্থাবলী ঃ ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম ও একাদশ শ্রেণী
পাঠ্য বই ঃ HSC, B.Sc এবং M.Sc 01511 483701, 01979 483701
ভর্তি পরীক্ষা ঃ বুয়েট, মেডিকেল, ঢাবি, জাবি, রাবি, চবি, গুচ্ছ, কৃষি, নার্সিং-মিডওয়াইফারি
চাকুরী ঃ বিসিএস, শিক্ষক নিবন্ধন, সহকারী জজ নিয়োগ এবং প্রাথমিক শিক্ষক নিয়োগ
ড. সিদ্দিক পাবলিকেশন্স লেখক, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য-জ্ঞান ভান্ডার